

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৪, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১২ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ/২৮ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৬২.০১০.১৬-১৪২।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ০৭ ডিসেম্বর, ২০১৭ তারিখের স্মারক নং ১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭-১০৪২ ও স্মারক নং ১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৭-১০৪৩ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ নভেম্বর, ২০১৭ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৪০.১৯.০০১.১৭-১০৫ নং-এর পরিশ্রেঙ্কিতে রংপুর সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচনি বিরোধ সংক্রান্তে দায়েরকৃত নির্বাচনি দরখাস্ত/আপিল গ্রহণ, শুনানি ও নিষ্পত্তির লক্ষ্যে রংপুর জজশীপের সিনিয়র সহকারী জজ সদর আদালতে কর্মরত সিনিয়র সহকারী জজ-এর সমন্বয়ে “নির্বাচনি ট্রাইব্যুনাল” এবং রংপুর জজশীপের যুগ্ম-জেলা জজ ১ম আদালতে কর্মরত যুগ্ম-জেলা জজ এবং একই জেলার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট-এর সমন্বয়ে “নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল” গঠন করিল। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট জেলার যুগ্ম-জেলা জজ চেয়ারম্যান হিসেবে এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সদস্য হিসেবে “নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল” এর দায়িত্ব পালন করবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

লায়লা শারমিন

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১৭৮৬৩ )

মূল্য : টাকা ৪.০০